(১০) "ছাত্র" অর্থ বিশ্ববিদ্যালয়ের নিয়মিত শিক্ষাকার্যক্রমে ভর্তিকৃত কোন ছাত্র বা ছাত্রী;

(১১) "ট্রেজারার" অর্থ বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার;

(১২) "ডীন" অর্থ অনুষদের ডীন;

(১৩) "নির্ধারিত" অর্থ সংবিধি, বিশ্ববিদ্যালয় বিধি বা প্রবিধান দ্বারা নির্ধারিত;

(১৪) "পরিচালক" অর্থ ইনস্টিটিউটের পরিচালক;

(১৫) "প্রক্টর" অর্থ বিশ্ববিদ্যালয়ের প্রক্টর;

(১৬) "প্রভোস্ট" অর্থ কোন হলের প্রধান;

(১৭) "পরিকল্পনা ও উন্নয়ন কমিটি" অর্থ বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন কমিটি;

(১৮) "পরীক্ষা নিয়ন্ত্রক" অর্থ বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক;

(১৯) "প্রবিধান" অর্থ ধারা ৩৯ এর অধীন প্রণীত প্রবিধান;

(২০) "বিভাগ" অর্থ বিশ্ববিদ্যালয়ের কোন বিভাগ;

(২১) "বিভাগীয় প্রধান" অর্থ কোন বিভাগের প্রধান;

(২২) "বিশ্ববিদ্যালয়" অর্থ ধারা ৩ এর অধীন স্থাপিত জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়;

(২৩) "বিশ্ববিদ্যালয় বিধি" অর্থ ধারা ৩৮ এর অধীন প্রণীত বিধি;

(২৪) "বোর্ড অব গভর্ণরস" অর্থ ইনস্টিটিউটের বোর্ড অব গভর্ণরস;

(২৫) "ভাইস-চ্যান্সেলর" অর্থ বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর;

(২৬) "মঞ্জুরী কমিশন" অর্থ University Grants Commi-ssion of Bangladesh Order, 1973 (P. O. No. 10 of 1973) এর অধীন গঠিত University Grants Commission of Bangladesh;

(২৭) "মঞ্জুরী কমিশন আদেশ" অর্থ University Grants Commission of Bangladesh Order, 1973 (P. O. No. 10 of 1973);

(২৮) "রেজিস্ট্রার" অর্থ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার;

(২৯) "রেজিস্টারভুক্ত গ্রাজুয়েট" অর্থ এই আইনের বিধান অনুযায়ী রেজিস্টারভুক্ত গ্রাজুয়েট;

(৩০) "শিক্ষক" অর্থ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, সহযোগী অধ্যাপক, সহকারী অধ্যাপক বা প্রভাষক এবং বিশ্ববিদ্যালয় কর্তৃক শিক্ষক হিসাবে স্বীকৃত অন্য কোন ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবেন;

